# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 10, 1432 Bangla, March 24, 2026, Tuesday, No. 80, 56th year

# H I G H L I G H T S

State Minister for Foreign Affairs Shama Obaid has said, govt. has always been striving to bring back home those who have sentenced for various crimes including human rights violations, disappearances & murders in past 17 years & to carry out their sentences. [Jago FM: 10]

LGRD Minister Mirza Fakhrul Islam Alamgir has said country is heading towards a difficult period due to Middle East conflict & warned that fuel prices & prices of essential goods may rise in coming days. [Jago FM: 09]

The US has suspended the issuance of immigrant visas for Bangladeshi citizens due to a high rate of use of US public welfare benefits among Bangladeshis. [Jago FM: 11]

Health Minister Sardar Md. Sakhawat Husain has ordered the sealing of Doctors Care Hospital & Diagnostic Center located in College Gate area of Shyamoli in capital following allegations that surgeries were being conducted by fake doctors. [Jago FM: 12]

Due to the ongoing global war situation, there has been a severe fuel crisis in Rajshahi. Most of the petrol pumps in the city have stopped selling fuel oil. [Jago FM: 10]

BD's RMG exports have faced a sustained downturn for 7 consecutive months. Exporters express concern that if export earnings continue to decline and this fiscal year ends in negative territory, factory workers could face the risk of losing their jobs in the future. [Jago FM: 08]

Tehran has denied that US President Donald Trump has announced a five-day suspension of attacks on the country's power plants and energy facilities, citing "productive talks" with Iran. [BBC: 05]

UK's Prime Minister Keir Starmer has said that the government has no "credible information" that Iran is targeting the UK. [BBC: 04]

A Chinese Foreign Ministry spokesman has called on all parties to the conflict, including United States, Israel and Iran, to break out of this "vicious cycle" of violence & return to negotiating table. [BBC: 06]

Oil prices in Asia have risen and stock markets have fallen sharply, as traders in these sectors have been affected by the escalation of the Iran-Israel war. [BBC: 06]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ১০, বাংলা ১৪৩২, মার্চ ২৪, ২০২৬, মঙ্গলবার, নং- ৮০, ৫৬তম বছর**

# শিরোনাম

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন, বিগত ১৭ বছরে মানবাধিকার লঙ্ঘন, গুম-খুনসহ বিভিন্ন অপরাধে যারা বিচারের মুখোমুখি হয়েছেন এবং যাদের সাজা হয়েছে, তাদের দেশে ফিরিয়ে এনে সাজা কার্যকরের জন্য সরকার সর্বদা সচেষ্ট আছে। [জাগো এফএম: ১০]

দেশের সামনে কঠিন সময় অপেক্ষা করছে মন্তব্য করে এলজিআরডি মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বৈশ্বিক পরিস্থিতির প্রভাব পড়ছে দেশের অর্থনীতিতে। ফলে সামনে তেলের দামসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য আরও বাড়তে পারে। [জাগো এফএম: ০৯]

যুক্তরাষ্ট্রের সরকারি কল্যাণ সুবিধা ব্যবহারের হার বেশির কারণে বাংলাদেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা দেওয়ার কার্যক্রম স্থগিত করেছে দেশটি। [জাগো এফএম: ১১]

রাজধানীর শ্যামলীতে অবস্থিত ডক্টরস কেয়ার হাসপাতাল অ্যান্ড ডায়াগনস্টিকে ভুয়া চিকিৎসক দিয়ে অস্ত্রোপচারের অভিযোগে প্রতিষ্ঠানটি সিলগালার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। [জাগো এফএম: ১২]

চলমান বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতির প্রভাবে রাজশাহীতে তীব্র জ্বালানি সংকট দেখা দিয়েছে। নগরীর বেশিরভাগ পেট্রোল পাম্পে জ্বালানি তেল বিক্রি বন্ধ হয়ে গেছে। [জাগো এফএম: ১০]

বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি ৭ মাস ধরে নেতিবাচক ধারায়। রপ্তানিকারকরা আশঙ্কা প্রকাশ করছেন, যদি রপ্তানি আয়ের পতন অব্যাহত থাকে এবং এ অর্থবছর নেতিবাচক ধারায় শেষ হয়, তাহলে ভবিষ্যতে চাকরি হারানোর ঝুঁকিতে পড়তে পারেন কারখানার শ্রমিকেরা। [জাগো এফএম: ০৮]

ইরানের সাথে `ফলপ্রসূ আলোচনার, বরাত দিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে ৫দিনের জন্য দেশটির বিদ্যুৎকেন্দ্র ও জ্বালানি স্থাপনাগুলোতে হামলা স্থগিত রাখার ঘোষণা দিয়েছেন, তেহরান ওই আলোচনার কথা অস্বীকার করেছে। [বিবিসি: ০৫]

ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার বলেছেন যে, ইরান যুক্তরাজ্যকে 'টার্গেট' করছে, এমন কোনো "বিশ্বাসযোগ্য তথ্য„ দেশটির সরকারের কাছে নেই। [বিবিসি: ০৪]

চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র, যুদ্ধে লিপ্ত সকল পক্ষ অর্থাৎ যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং ইরানকে সহিংসতার এই 'দুষ্টচক্র' থেকে বেরিয়ে নতুন করে আলোচনার টেবিলে ফেরার আহ্বান জানিয়েছেন। [বিবিসি: ০৬]

এশিয়ায় তেলের দাম বেড়েছে এবং শেয়ারবাজারে ব্যাপক দরপতন হয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাথে ইরানের যুদ্ধের মাত্রা বৃদ্ধির কারণেই এসব খাতের ব্যবসায়ীরা প্রভাবিত হয়েছেন। [বিবিসি: ০৬]

# বিবিসি

## স্থানীয় সরকার নির্বাচন নিয়ে সন্দেহ কেন, কী বলছে সরকার?

বাংলাদেশে বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ সরকারের পতন পরবর্তী রাজনৈতিক প্রেক্ষাপটে দীর্ঘদিন ধরে নির্বাচিত জনপ্রতিনিধিদের অনুপস্থিতি দেশের স্থানীয় সরকার প্রশাসনে এক ধরনের স্থবিরতা তৈরি করেছে। আর এ কারণেই জাতীয় সংসদ নির্বাচনের মধ্যদিয়ে নির্বাচিত সরকার দেশের দায়িত্ব গ্রহণের পর এবার স্থানীয় সরকার নির্বাচনে নজর সবার। কিন্তু স্থানীয় সরকার নির্বাচন দেওয়ার বিষয়ে সরকারের আগ্রহ কতটা? এ নিয়ে বিরোধী রাজনৈতিক দলগুলোর মধ্যে যেমন প্রশ্ন রয়েছে, তেমনি সরকারের সাম্প্রতিক কিছু পদক্ষেপ অনেকের মধ্যে এক ধরনের সন্দেহও তৈরি করেছে। বিশেষ করে, সিটি করপোরেশন ও জেলা পরিষদগুলোতে প্রশাসক হিসেবে দলীয় নেতাদের দায়িত্ব দেওয়ার পর নির্বাচনের বিষয়ে সরকারের মনোভাব নিয়ে প্রশ্ন তুলেছে সংসদের বিরোধী দলগুলো। তারা বলছে, ঢালাওভাবে দলের নেতা-কর্মীদের নিয়োগ দেওয়ার মাধ্যমে নির্বাচনের আগেই স্থানীয় প্রশাসন নিজেদের দখলে নেওয়ার চেষ্টা করছে সরকারি দল। স্থানীয় সরকার নির্বাচন ইস্যুতেই ঈদের পর দেশের রাজনীতির মাঠ সরব থাকবে বলে মনে করেন রাজনৈতিক বিশ্লেষকরা। তাদের অনেকেই বলছেন, আপাতত প্রশাসক নিয়োগের মাধ্যমে স্থানীয় প্রশাসন সচল করার বিকল্প ছিল না। কিন্তু দলের নেতাদেরকে যেভাবে দায়িত্ব দেওয়া হয়েছে, তার মাধ্যমে সাধারণ মানুষের কাছে খুব একটা ভালো বার্তা দেয়নি সরকার।

এদিকে, স্থানীয় সরকার নির্বাচনের আগে সরকার তিনমাস সময় নিতে চায় বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন বিএনপি মহাসচিব এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি এই নির্বাচন আয়োজনে সরকারের নানা পরিকল্পনার কথা জানিয়েছেন বিবিসি বাংলাকে।

### স্থানীয় সরকার নির্বাচন কেন জরুরি?

জুলাই আন্দোলনের পর থেকেই এক ধরনের অচলবস্থা চলছে দেশের স্থানীয় সরকার প্রশাসনে। আন্দোলনের মুখে সাবেক সরকার প্রধান শেখ হাসিনার পতনের সঙ্গে সঙ্গেই ভেঙে পড়ে স্থানীয় প্রশাসন। সে সময় সিটি করপোরেশন কিংবা জেলা পরিষদে দায়িত্বে থাকা প্রতিনিধিদের কেউ হামলার শিকার হন, কেউ গ্রেফতার হন, আবার অনেকে আত্মগোপনে চলে যান। যার ফলে স্থানীয় সরকার প্রশাসনে তৈরি হয় শূন্যতা। পরে স্থানীয় সরকার প্রশাসন আবারও সচল করার লক্ষ্যে সিটি করপোরেশন, জেলা পরিষদ, পৌরসভা ও উপজেলা পরিষদে প্রশাসক হিসেবে সরকারি কর্মকর্তাদের নিয়োগ দেয় অন্তর্বর্তীকালীন সরকার। এছাড়া, দেশের প্রায় সাড়ে চার হাজার ইউনিয়ন পরিষদের মধ্যে কোথাও সরকারি কর্মকর্তা, আবার কোথাও প্যানেল চেয়ারম্যান দায়িত্ব পালন করেন। এসব পদক্ষেপের মাধ্যমে তাৎক্ষণিকভাবে পরিস্থিতি সামলানোর চেষ্টা করা হলেও, অন্তর্বর্তী সরকারের ওই উদ্যোগ কতটা কাজে এসেছে, তা নিয়ে প্রশ্ন রয়েছে। দেড় বছর ধরে চলা ওই অন্তর্বর্তী ব্যবস্থা এবং দেশের সার্বিক রাজনৈতিক প্রেক্ষাপট স্থানীয় প্রশাসনে অচলবস্থা তৈরি করেছে বলেই মনে করেন বিশ্লেষকরা। ফলে এখন সাধারণ মানুষের সেবা নিশ্চিত করতে সরকারের দ্রুত স্থানীয় জনপ্রতিনিধি নির্বাচন করা উচিত বলে মনে করেন তারা। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমদ বিবিসি বাংলাকে বলেন, "সরকারের জনপ্রিয়তা কমে যাবে, যদি দ্রুত স্থানীয় সরকার নির্বাচনের ব্যবস্থা তারা করতে না পারে।„ এছাড়া স্থানীয় সরকার প্রশাসনে এখন পর্যন্ত যে নিয়োগগুলো সরকার দিয়েছে, সেটি এরই মধ্যে নানা সমালোচনা তৈরি করেছে বলেও মনে করেন মি. আহমদ। তিনি বলছেন, "স্থানীয় সরকারে দলীয়করণটা জুলাই সনদের আকাঙ্ক্ষার সঙ্গে সাংঘর্ষিক। সরকারের ওপর এর একটা নেতিবাচক প্রতিক্রিয়া হতে পারে।„ এছাড়া নির্বাচনের পর স্থানীয় প্রশাসনে সরকার যেভাবে দলীয় নেতাদেরকে নিয়োগ দিয়েছেন, সেটি নিয়েও নানা আলোচনা-সমালোচনা চলছে। নির্বাচন বিশেষজ্ঞ আব্দুল আলীম অবশ্য বলছেন, প্রশাসক নিয়োগ দেওয়া অবৈধ কিছু নয়, নির্বাচিত রাজনৈতিক দল তার মতো করে সিদ্ধান্ত নিতে পারে। "কিন্তু মানুষের নির্বাচিত প্রতিনিধি আর কারো মনোনীত ব্যক্তি- এক বিষয় নয়। নির্বাচিত জনপ্রতিনিধির মানুষের ওপর একটা দায়বদ্ধতা থাকে, যেটি অনেক ক্ষেত্রে একজন নিয়োগপ্রাপ্ত প্রশাসকের নাও থাকতে পারে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। মি. আলীম বলছেন, "আমরা এক ধরনের পরিবর্তনের আশা করছি জুলাই মুভমেন্টের পর থেকে। আশা করবো যে, স্থানীয় সরকার নির্বাচনগুলোতে সরকার অতীতের মতো হস্তক্ষেপ করবে না।„

### বিরোধীদের সন্দেহ

নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর থেকেই যে-সব বিষয় নিয়ে সবচেয়ে বেশি আলোচনা চলছে, তার মধ্যে অন্যতম স্থানীয় সরকার নির্বাচন। বিশেষ করে, দ্রুততম সময়ের মধ্যে স্থানীয় সরকার নির্বাচনের দাবি জানিয়ে আসছে সংসদের বিরোধী দলগুলো। সরকারের পক্ষ থেকেও এ নিয়ে ইতিবাচক বার্তা দেওয়া হয়েছে। এমনকি ঈদের পর স্থানীয় সরকার নির্বাচনের সব প্রস্তুতি নেওয়া হবে বলে সম্প্রতি এক অনুষ্ঠানে জানিয়েছেন নির্বাচন কমিশনার আবদুর রহমানেল মাছউদ। কিন্তু সরকারের সাম্প্রতিক কিছু পদক্ষেপ বিরোধী রাজনৈতিক দলগুলোর মধ্যে স্থানীয় সরকার নির্বাচন নিয়ে

এক ধরনের সন্দেহ তৈরি করেছে। কয়েকদিন আগেই দেশের ১১টি সিটি করপোরেশন ও ৪২টি জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার, যেখানে নিয়োগপ্রাপ্তদের সবাই বিএনপির দলীয় রাজনীতিতে জড়িত। এ নিয়ে প্রতিবাদ জানিয়ে পৃথক বিবৃতি দিয়েছে সংসদের বিরোধী রাজনৈতিক দল জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি। তারা বলছে, সিটি করপোরেশনসহ স্থানীয় সরকারের বিভিন্ন পর্যায়ে ভোট ছাড়াই দলীয় নেতাদের প্রশাসক হিসেবে নিয়োগ দিয়ে স্থানীয় সরকার ব্যবস্থা নিজেদের নিয়ন্ত্রণে নিতে চাইছে বিএনপি। এই পদক্ষেপকে স্থানীয় সরকার নির্বাচন 'নিজেদের সুবিধা মতো' আয়োজনের চেষ্টা হিসেবেও দেখছে বিরোধী দলগুলো। সংসদে বিরোধী দলীয় উপনেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বিবিসি বাংলাকে বলেন, "স্থানীয় প্রশাসনে যেভাবে দলীয় ব্যক্তিদের বসানো হচ্ছে, তাতে সরকারের ওপর মানুষের আস্থার সংকট তৈরি হতে পারে।„ এর মধ্যদিয়ে সরকার মানুষের আকাঙ্ক্ষার বিপরীতে অবস্থান নিয়ে, নির্বাচন পেছানোর চেষ্টা করছে বলেও মনে করেন তিনি। "সরকারের কাছে আমাদের চাওয়া স্থানীয় সরকার নির্বাচন কম সময়ের মধ্যে দিয়ে দেবে,„ বিবিসি বাংলাকে বলেন মি. তাহের। দ্রুততম সময়ের মধ্যে নির্বাচনের দাবি আদায়ে বিরোধী দলগুলো প্রয়োজনে মাঠের কর্মসূচি দেবে বলেও জানান তিনি।

**সরকার কী বলছে**

বিএনপি মহাসচিব ও স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিবিসি বাংলাকে বলেছেন, নির্বাচনের আগে স্থানীয় প্রশাসনকে সচল রাখতেই প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এক্ষেত্রে, সরকারের ভিন্ন কোনো উদ্দেশ্য নেই বলেও দাবি করেন তিনি। "নানা ভুল ধারণা নিয়ে লেখালেখি হচ্ছে। পরবর্তীতে আর কোনো প্রশাসক নিয়োগ দেওয়া হবে না, সবগুলোতেই নির্বাচন হবে,„ বলেন মি. আলমগীর। স্থানীয় সরকার নির্বাচন কবে আয়োজন করতে চায় সরকার? এমন প্রশ্নে জবাবে মন্ত্রী বলেছেন, "নির্বাচন আয়োজনে তিনমাস সময় নেবে সরকার।„ বিবিসি বাংলাকে তিনি বলেন, "নির্বাচন ছাড়া হবে না, নির্বাচন অবশ্যই করা হবে। তবে এ মুহূর্তে করার কোনো পরিকল্পনা নাই, আমরা একটু সময় নিতে চাই। তবে, বড়জোর তিনমাস সময় নিতে পারি আমরা।„ নির্বাচনের পরিকল্পনা নিয়ে মি. আলমগীর বলেন, ইউনিয়ন পরিষদ দিয়েই স্থানীয় সরকার নির্বাচন শুরু করতে চায় সরকার। এরপর ধারাবাহিকভাবে উপজেলা ও পৌরসভা নির্বাচন আয়োজন করা হবে। "ইউনিয়ন পরিষদ নির্বাচন আগে হবে। এরপর উপজেলা ও পৌরসভা। জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দেওয়া হয়েছে ওগুলোতে নির্বাচন একটু পরে হবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।
(বিবিসি ওয়েবপেইজ: ২৩.০৩.২৬ রনি)

## ইরানের সঙ্গে যদি চুক্তি হয় তেলের দাম কমে যাবে : ট্রাম্প

ইরানের সঙ্গে যুদ্ধের ইতি টানার মতো কোনো চুক্তি হলে তেলের দাম হুড়মুড় করে পড়ে যাবে বলে মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাথে ইরানের যুদ্ধ শুরুর পর থেকে তেলের দাম উল্লেখযোগ্য হারে বাড়ছে। জ্বালানি পরিবহণের জন্য গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালিতে ইরানের হুমকির কারণে জাহাজ চলাচল স্থবির হয়ে আছে। এমন প্রেক্ষাপটে ট্রাম্প জানাচ্ছেন, "আমাদের একটি চুক্তি হওয়ার বেশ ভালো সম্ভাবনা আছে।„ অবশ্য তিনি এ-ও যোগ করেন, "কোনো কিছুর নিশ্চয়তা নেই, আমি কোনো কিছুর নিশ্চয়তা দিচ্ছি না।„ মার্কিন প্রেসিডেন্ট আরও দাবি করেছেন যে, যুদ্ধ শেষ করার জন্য দুই দেশ ১৫টি দফা নিয়ে আলোচনা করছে। যার মধ্যে ইরানের পারমাণবিক অস্ত্র বর্জন `এক, দুই ও তিন নম্বর, দফা, বলেন ট্রাম্প। মি. ট্রাম্প আরো বলছেন, তিনি ইরানে `শাসনব্যবস্থার বড়ো পরিবর্তন, দেখতে চান।(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

## ইরান ব্রিটেনকে 'টার্গেট' করছে বলে বিশ্বাসযোগ্য তথ্য নেই : স্টারমার

ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার বলেছেন যে, ইরান যুক্তরাজ্যকে 'টার্গেট' করছে, এমন কোনো "বিশ্বাসযোগ্য তথ্য„ দেশটির সরকারের কাছে নেই। দিয়েগো গার্সিয়া দ্বীপে তেহরানের ক্ষেপণাস্ত্র নিক্ষেপের পর ব্রিটেন ইরানের ক্ষেপণাস্ত্রের সীমার মধ্যে রয়েছে কি না- এমন প্রশ্নের জবাবে মি. স্টারমার বলেন, "সরকার সর্বদাই নিরাপত্তার জন্য নিজেরা পূর্ণাঙ্গ মূল্যায়ন করে থাকে এবং এই মুহূর্তে আমাদের কাছে এমন কোনো মূল্যায়ন নেই যে, আমাদের 'লক্ষ্যবস্তু' করা হচ্ছে।„ উত্তেজনা প্রশমনের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, 'যুদ্ধে না জড়িয়ে' কীভাবে ব্রিটিশ স্বার্থ এবং জীবন রক্ষা করা যায়, সেটি সরকারের কাছে গুরুত্বপূর্ণ। 'ইরানের কাছে এখন এমন ক্ষেপণাস্ত্র আছে যা লন্ডন, প্যারিস বা বার্লিনে পৌঁছাতে সক্ষম'- ইসরায়েলি সামরিক বাহিনী আইডিএফ এমন দাবি করার একদিন পর মি. স্টারমারের এমন মন্তব্য এলো। ইরানের দক্ষিণ উপকূল থেকে প্রায় ৩,৭৮১ কিলোমিটার দূরে অবস্থিত ডিয়েগো গার্সিয়া সামরিক ঘাঁটিতে ইরানের একটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ ব্যর্থ হওয়ার খবরের পর, ইসরায়েলি সামরিক বাহিনী এক্স সোশ্যাল নেটওয়ার্কে ওই দাবি করে পোষ্ট শেয়ার করে। ডিয়েগো গার্সিয়ায় ক্ষেপণাস্ত্র নিক্ষেপের খবরের বিষয়ে ইরান এখনও আনুষ্ঠানিকভাবে কোনো প্রতিক্রিয়া জানায়নি। উল্লেখ্য যে, ইরান থেকে লন্ডনের নিকটতম দূরত্ব ৪,৩০০ কিলোমিটারেরও বেশি। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে `বড়ো ধরনের ঐকমত্য' হয়েছে : ট্রাম্প, ইরানের অস্বীকার

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের পাম বিচে সাংবাদিকদের জানিয়েছেন, যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যে 'ঐকমত্যের বড়ো জায়গা' তৈরি হয়েছে। এয়ার ফোর্স ওয়ানের পাশে দাঁড়িয়ে ব্রিফিংয়ে তিনি বলেন যে, (ইরানের সাথে) আলোচনা 'খুবই কার্যকর' হয়েছে এবং এ প্রক্রিয়ায় তার উপদেষ্টা স্টিভ উইটকফ ও জামাতা জ্যারেড কুশনার যুক্ত ছিলেন। আলোচনার বিষয়ে তিনি বলেন, "দেখা যাক আলোচনা কোন দিকে যায়।„ তিনি আরও বলেন, "আমাদের মধ্যে ঐকমত্যের বড়ো জায়গা রয়েছে এবং আমি বলব যে, প্রায় সব বিষয়েই আমরা একমত হয়েছি।„ মি. ট্রাম্প বলেছেন যে, যুক্তরাষ্ট্র ইরানের 'একজন শীর্ষস্থানীয় ব্যক্তির' সাথে কথা বলছে, তবে তিনি নতুন সর্বোচ্চ নেতা নন। এরপর তিনি আরও যোগ করেন, "আমরা জানি না তিনি (সর্বোচ্চ নেতা) বেঁচে আছেন কী-না।„ এদিকে, ইরানের সাথে `ফলপ্রসূ আলোচনার, বরাত দিয়ে প্রেসিডেন্ট ট্রাম্প যে পাঁচদিনের জন্য ইরানের বিদ্যুৎকেন্দ্র ও জ্বালানি স্থাপনাগুলোতে হামলা স্থগিত রাখার ঘোষণা দিয়েছেন- তেহরান ওই আলোচনার কথা অস্বীকার করেছে। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, "মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সাথে যে সমঝোতার আলোচনার কথা বলেছেন, তা সঠিক নয়।„(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের সাথে 'আলোচনার খবর অস্বীকার' ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের

ইরানের সাথে `ফলপ্রসূ আলোচনার, বরাত দিয়ে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে পাঁচদিনের জন্য দেশটির বিদ্যুৎকেন্দ্র ও জ্বালানি স্থাপনাগুলোতে হামলা স্থগিত রাখার ঘোষণা দিয়েছেন, তেহরান ওই আলোচনার কথা অস্বীকার করেছে। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, "মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সাথে যে সমঝোতার আলোচনার কথা বলেছেন, তা সঠিক নয়।„ বিবিসির মার্কিন পার্টনার সিবিএস নিউজকে উদ্ধৃত করে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় আরও বলেছে, "ইরান তার অবস্থানে অটল রয়েছে, আর তা হলো যুদ্ধের মাধ্যমে ইরানের লক্ষ্যসমূহ অর্জিত হওয়ার আগে যে-কোনো ধরনের আলোচনা প্রত্যাখ্যান করা।„ এর আগে, ইরানের স্টুডেন্ট নিউজ নেটওয়ার্ক এসএনএন, ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কোরের আধাসামরিক বাহিনী 'বাসিজ স্টুডেন্ট অর্গানাইজেশন'-এর সাথে যুক্ত একটি সংবাদ সংস্থা, দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি 'বেনামী সূত্রকে, উদ্ধৃত করে জানিয়েছে যে, 'আলোচনার খবর অস্বীকার' করেছে দেশটির সরকার এবং হরমুজ প্রণালি 'আক্রমণকারীদের জন্য বন্ধ'ই থাকবে বলে জানিয়েছে এসএনএনের ওই খবর। যদিও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রের নাম প্রকাশ করা হয়নি। এর আগে, আইআরজিসির সাথে সংশ্লিষ্ট ফার্স এবং তাসনিম সংবাদ সংস্থাও নাম প্রকাশে অনিচ্ছুক কর্মকর্তাদের বরাত দিয়ে একই ধরনের খবর প্রকাশ করেছিল। ফার্স জানিয়েছে যে, "ট্রাম্পের সাথে (ইরানের সরকারের) প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো যোগাযোগ„ হয়নি এবং তিনি অর্থাৎ মি. ট্রাম্প "পিছিয়ে গেছেন„। অন্যদিকে, তাসনিম জানিয়েছে যে, "কোনো আলোচনা„ হচ্ছে না। এখন পর্যন্ত নাম প্রকাশ করে কোনো ইরানি কর্মকর্তার পক্ষ থেকে এ বিষয়ে কোনো মন্তব্য পাওয়া যায়নি। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

## হরমুজ নিয়ে ট্রাম্পের সময়সীমা শেষ হবে আজ মধ্যরাতে

হরমুজ প্রণালি খুলে দেওয়ার জন্য ইরানকে দেওয়া ডোনাল্ড ট্রাম্পের সময়সীমা স্থানীয় সময় আজ রাতে শেষ হচ্ছে। বাংলাদেশ সময়ে মঙ্গলবার ভোর নাগাদ শেষ হতে যাওয়া এই সময়সীমা নিয়ে মধ্যপ্রাচ্য সংকট আরো ঘনিয়ে ওঠার আশংকা করা হচ্ছে। শনিবার মার্কিন প্রেসিডেন্ট বলেন, ৪৮ ঘণ্টার মধ্যে `কোনো হুমকি ছাড়া, নৌ চলাচলের পথটি খুলে দেওয়া না হলে যুক্তরাষ্ট্র ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলো `ধ্বংস, করে দেবে। শনিবার গ্রিনিচ মান সময় ২৩:৪৪ অর্থাৎ বাংলাদেশ সময় রোববার পৌনে ৬টার দিকে শেয়ার করা পোস্টে ট্রাম্প বলেন, "যদি ইরান ঠিক এই মুহূর্ত থেকে ৪৮ ঘণ্টার মধ্যে কোনো হুমকি ছাড়াই হরমুজ প্রণালি সম্পূর্ণরূপে খুলে না দেয়, তবে মার্কিন যুক্তরাষ্ট্র তাদের বিভিন্ন বিদ্যুৎকেন্দ্রে আঘাত হেনে সেগুলোকে নিশ্চিহ্ন করে দেবে এবং শুরুটা হবে সবচেয়ে বড়োটি দিয়ে,„ যোগ করেন তিনি। জবাবে তেহরান জানিয়েছে, তাদের বিদ্যুৎকেন্দ্রে হামলা হলে যুক্তরাষ্ট্রের সাথে সংশ্লিষ্ট গালফ দেশের জ্বালানি স্থাপনায় হামলা করবে ইরান। দেশটির পার্লামেন্টের স্পিকার হুশিয়ারি দিয়ে বলেছেন, ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলোতে যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল যদি হামলা করে, তাহলে গালফ অঞ্চলের দেশগুলোর জরুরি অবকাঠামোতে `অপূরণীয় ধ্বংসযজ্ঞ, চালানো হবে। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

## বিদ্যুৎকেন্দ্রে হামলার হুমকি যুক্তরাষ্ট্রের 'বেপরোয়া' মনোভাবের প্রকাশ : ইরানের প্রেসিডেন্ট

ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, বিদ্যুৎকেন্দ্রে হামলা চালিয়ে 'নিশ্চহ্ন' করে দেওয়ার হুমকি যুক্তরাষ্ট্রের 'বেপরোয়া' মনোভাবের প্রকাশ। তিনি আরো বলেছেন, ইরানের ওপর হামলাকারী রাষ্ট্রসমূহ ছাড়া সবার জন্য হরমুজ প্রণালি উন্মুক্ত থাকবে। শনিবার মার্কিন প্রেসিডেন্ট বলেন, ৪৮ ঘণ্টার মধ্যে `কোনো হুমকি ছাড়া, নৌ চলাচলের পথটি খুলে দেওয়া না হলে যুক্তরাষ্ট্র ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলো `ধ্বংস, করে দেবে। শনিবার গ্রিনিচ মান সময় ২৩:৪৪ অর্থাৎ বাংলাদেশ সময় রোববার পৌনে ৬টার দিকে শেয়ার করা পোস্টে ট্রাম্প বলেন, "যদি ইরান ঠিক এই মুহূর্ত থেকে ৪৮

ঘণ্টার মধ্যে কোনো হুমকি ছাড়াই হরমুজ প্রণালি সম্পূর্ণরূপে খুলে না দেয়, তবে মার্কিন যুক্তরাষ্ট্র তাদের বিভিন্ন বিদ্যুৎকেন্দ্রে আঘাত হেনে সেগুলোকে নিশ্চিহ্ন করে দেবে এবং শুরুটা হবে সবচেয়ে বড়োটি দিয়ে,„ যোগ করেন তিনি। জবাবে তেহরান জানিয়েছে, তাদের বিদ্যুৎকেন্দ্রে হামলা হলে যুক্তরাষ্ট্রের সাথে সংশ্লিষ্ট গালফ দেশের জ্বালানি স্থাপনায় হামলা করবে ইরান। দেশটির পার্লামেন্টের স্পিকার হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলোতে যুক্তরাষ্ট্র এবং ইসরায়েল যদি হামলা করে, তাহলে গালফ অঞ্চলের দেশগুলোর জরুরি অবকাঠামোতে `অপূরণীয় ধ্বংসযজ্ঞ, চালানো হবে। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

## যুদ্ধের প্রভাবে এশিয়ায় তেলের দাম বৃদ্ধি এবং শেয়ারবাজারে ব্যাপক দরপতন

সোমবার এশিয়ায় তেলের দাম বেড়েছে এবং শেয়ারবাজারে ব্যাপক দরপতন হয়েছে। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সাথে ইরানের যুদ্ধের মাত্রা বৃদ্ধির কারণেই এসব খাতের ব্যবসায়ীরা প্রভাবিত হয়েছেন। সোমবার অপরিশোধিত ব্রেন্ট তেলের দাম এক শতাংশের বেশি বেড়ে ব্যারেল প্রতি ১১৩ দশমিক ৪০ ডলার ছাড়িয়ে গেছে। এদিকে, জাপানের নিক্কেই শেয়ার সূচক তিন দশমিক পাঁচ শতাংশ এবং দক্ষিণ কোরিয়ার কোস্পি সূচক ছয় দশমিক পাঁচ শতাংশ কমেছে। শনিবার ডোনাল্ড ট্রাম্প হুঁশিয়ারি দিয়ে বলেছেন, গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালির নৌপথ পুনরায় খুলে দেওয়া না হলে তিনি ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলো 'ধ্বংস করে দেবেন'। অন্যদিকে, ইরান বলেছে, এ ধরনের যে-কোনো হামলার জবাবে তারা এই অঞ্চলের গুরুত্বপূর্ণ অবকাঠামোতে হামলা চালাবে। জ্বালানি পরামর্শক প্রতিষ্ঠান উড ম্যাকেঞ্জির চেয়ারম্যান ও প্রধান বিশ্লেষক সাইমন ফ্লাওয়ার্স বলেছেন, হুমকিগুলো কার্যকর করা হয় কী-না, তার দিকে তাকিয়ে আছে বাজার ব্যবস্থা। ”যদি যুক্তরাষ্ট্র ইরানের অবকাঠামোতে হামলা করে, তবে তা যুদ্ধের তীব্রতাকে আরও এক ধাপ বাড়িয়ে দেবে। তখন আমাদের দেখতে হবে যে, ইরানও গত সপ্তাহ বা তারও বেশি সময় ধরে যেমনটা করে আসছে, তেমনভাবে পাল্টা অবকাঠামোগত হামলা চালায় কী-না,„ বিবিসির 'টুডে' অনুষ্ঠানে বলছিলেন মি. সাইমন।
(বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

## যুদ্ধে লিপ্ত সকল পক্ষকে নতুন করে আলোচনার টেবিলে ফেরার আহ্বান চীনের

চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন মুখপাত্র, যুদ্ধে লিপ্ত সকল পক্ষ অর্থাৎ যুক্তরাষ্ট্র, ইসরায়েল এবং ইরানকে সহিংসতার এই 'দুষ্টচক্র' থেকে বেরিয়ে নতুন করে আলোচনার টেবিলে ফেরার আহ্বান জানিয়েছেন। বার্তা সংস্থা রয়টার্সের এক সংবাদে বলা হয়েছে, ইরানকে হরমুজ প্রণালি খুলে দেওয়ার জন্য ডোনাল্ড ট্রাম্পের দেওয়া হুমকির বিষয়ে এক প্রশ্নের জবাবে লিয়ান জিয়ান বলেন, ”যদি এ শত্রুতা আরও তীব্র হয় এবং পরিস্থিতির অবনতি ঘটে, তবে পুরো অঞ্চলে বিশৃঙ্খলা ছড়িয়ে পড়বে।„ চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জোর দিয়ে বলেন যে, ”প্রথমত এ যুদ্ধ শুরু হওয়াই উচিত ছিল না।„ ইরানের ওপরে মার্কিন-ইসরায়েলি যুদ্ধ উপসাগরীয় অঞ্চল এবং সারা বিশ্ব জুড়েই নাটকীয় পরিস্থিতি তৈরি করেছে। উপসাগরীয় অঞ্চলের দেশগুলো অস্থিতিশীল হয়ে পড়েছে, আর মধ্যপ্রাচ্য জুড়েই হাজার হাজার মানুষ ঘর ছাড়তে বাধ্য হয়েছেন। তবে যুদ্ধক্ষেত্র থেকে অনেক দূরেও এর প্রভাব পড়ছে। কোথাও তেলের দাম বেড়ে গেছে, কোথাও আবার হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলে বিঘ্ন ঘটায় সাধারণ ক্রেতা এবং ব্যবসায়ীদের খরচও বেড়ে গেছে। ইরান যুদ্ধের কারণে চীনের ওপরে এখনো কোনো বড়ো প্রভাব পড়েনি, কিন্তু তবুও তারা চাপটা অনুভব করবে। সেন্টার ফর গ্লোবাল এনার্জি পলিসির তথ্য অনুযায়ী চীন যে পরিমাণ তেল আমদানি করে, তার মাত্র ১২ শতাংশ ইরান থেকে। (বিবিসি ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ এলিনা)

# এনএইচকে

## যুক্তরাষ্ট্র বিদ্যুৎকেন্দ্রে হামলা চালালে হরমুজ প্রণালি সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হবে : ইরান

ইরান বলেছে, বিদ্যুৎ কেন্দ্রগুলো লক্ষ্য করে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হামলার হুমকি যুক্তরাষ্ট্র বাস্তবায়ন করলে তারা হরমুজ প্রণালি সম্পূর্ণভাবে বন্ধ করে দেবে। রবিবার ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমে দেশটির সামরিক মুখপাত্রের জারি করা একটি বিবৃতি প্রকাশিত হয়েছে। এর আগে, শনিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট করা একটি বার্তায় ট্রাম্প হুমকি দেন যে, তেহরান ৪৮ ঘণ্টার মধ্যে প্রণালিটি পুরোপুরি খুলে দিতে ব্যর্থ হলে তিনি ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলো নিশ্চিহ্ন করে দেবেন। ইরানের বিবৃতিতে বলা হয়েছে যে, প্রণালিটি কেবল শত্রু ও ক্ষতিকর যান চলাচলের জন্য বন্ধ রয়েছে। এতে আরও বলা হয়েছে যে, প্রণালিটি এখনও পুরোপুরি বন্ধ করা হয়নি এবং জলপথটি ইরানের ”স্মার্ট নিয়ন্ত্রণে„ রয়েছে। বিবৃতিতে বলা হয়েছে যে, যুক্তরাষ্ট্র ট্রাম্পের হুমকি কার্যকর করলে ইরান প্রণালিটি সম্পূর্ণভাবে বন্ধ করে দেবে এবং ধ্বংসপ্রাপ্ত বিদ্যুৎ কেন্দ্রগুলো পুরোপুরি পুনর্নির্মাণ না হওয়া পর্যন্ত তা পুনরায় খুলবে না। বিবৃতিতে আরও সতর্ক করা হয়েছে যে, প্রতিবেশী দেশগুলো যদি মার্কিন ঘাঁটি পরিচালনা করে, তবে সেই দেশগুলোর বিদ্যুৎ কেন্দ্রগুলো বৈধ লক্ষ্যবস্তুতে পরিণত হবে। বিবৃতিতে বলা হয়েছে যে, তেহরান এই সংঘাত শুরু করেনি। তবে এতে আরও বলা হয়েছে যে, যদি ”শত্রু„ ইরানের বিদ্যুৎ কেন্দ্রগুলোর ক্ষতি করে, তাহলে আত্মরক্ষা ও স্বার্থ রক্ষার জন্য যা যা করা প্রয়োজন, ইরান তা-ই করবে।(এনএইচকে ওয়েবপেইজ: ২৩.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## আমি চাই, বিএনপি নেতারা যেন ঠিক রাস্তায় চলে : মির্জা ফখরুল

দলের নেতা-কর্মীদের সতর্ক করে বিএনপির মহাসচিব এবং স্থানীয় সরকারমন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ”আমি চাই, বিএনপি নেতারা যেন ঠিক রাস্তায় চলে। আমি কিন্তু তাদের পেছনে রাডার ফিট করে দিয়েছি।„ আজ সোমবার ঠাকুরগাঁও সদর উপজেলার রায়পুর ইউনিয়নের চৌধুরীপাড়া এলাকায় নেহা নদী খননকাজের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দৈনিক প্রথম আলোর খবর অনুযায়ী তিনি আরো বলেন, ”সেই রাডার সব জায়গায় ঘুরছে। কে কী করছে, আমি সব জেনে যাবো। কাউকে ক্ষমা করবো না। পরিষ্কার কথা, নেতৃত্ব যাবে, আইনগত ব্যবস্থাও নেওয়া হবে।„ স্থানীয় সরকারমন্ত্রী বলেন, ”প্রধানমন্ত্রী তারেক রহমান ক,দিন আগে দিনাজপুরের কাহারোলে এসেছিলেন। সেখানে তিনি এসেছিলেন খাল কাটতে। এই খাল কাটা তার বাবা শুরু করেছিলেন ১৯৭৬ সালের দিকে। খাল কাটা যদি অব্যাহত থাকতো, তাহলে আমাদের পানির সমস্যা থাকতো না। আমরা এই এলাকার মানুষ খুব পানি সমস্যায় থাকি।„ দেশে ২০ হাজার খাল খনন করা হবে-প্রধানমন্ত্রী তারেক রহমানের ভাষ্য উল্লেখ করে মির্জা ফখরুল ইসলাম বলেন, ”তার কাজ করে দেখান। সবাইকে অনুরোধ করবো, যারা বিএনপি করেন, সরকারি কর্মকর্তাদের বলি, পানি উন্নয়নের কর্মকর্তাদের বলি, যারা কাজটা করছেন, তাদের বলি- সৎভাবে খালটা কাটবেন।” (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রামে বিএনপি নেতাকে গুলি, অবস্থা আশঙ্কাজনক

চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলায় দুর্বৃত্তদের গুলি ও ধারালো অস্ত্রের আঘাতে এক বিএনপি নেতা আহত হয়েছেন। ছেলেকে বাঁচাতে গিয়ে ওসমানের ৭০ বছর বয়সি মা আছিয়া বেগমও গুলিবিদ্ধ হন। আহত মো. ওসমান উপজেলার সরফভাটা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক। রোববার রাত ৮টার দিকে ওসমানের বাড়িতে এ হামলার ঘটনা ঘটে। দক্ষিণ রাঙ্গুনিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. হেলাল উদ্দিন আহমেদ জানান, হামলাকারীরা হঠাৎ ওসমানের বাড়ি গিয়ে গুলি ছোড়ে এবং তাকে কুপিয়ে জখম করে। এতে তার হাত ও পেটে গুরুতর আঘাত লেগেছে। ছেলেকে বাঁচাতে মা এগিয়ে এলে তার দুই পায়ে গুলি লাগে। এই হামলায় ওসমানের বাবাও আহত হয়েছেন বলে পুলিশ জানিয়েছে। স্থানীয়রা আহতদের উদ্ধার করে প্রথমে রাঙ্গুনিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। ওসমানের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় প্রাথমিক চিকিৎসা শেষে তাকে চট্টগ্রামের এভারকেয়ার হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। ওসি হেলাল উদ্দিন বলেন, 'প্রাথমিকভাবে মনে হচ্ছে দলের অভ্যন্তরীণ কোন্দল থেকে এই হামলার সূত্রপাত।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে দুইটি দুর্ঘটনায় মৃত ১২, আহত ৩৮

বাংলাদেশে দুইটি দুর্ঘটনায় ১২ জনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন মোট ৩৮ জন। কুমিল্লায় একটি লেভেল ক্রসিংয়ে যাত্রীবাহী বাসে মেইল ট্রেনের ধাক্কায় অন্তত ১২ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন ১৮ জন। বান্দরবানে পর্যটকবাহী বাস খাদে পড়ে অন্তত ২০ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে চারজনকে আশঙ্কাজনক অবস্থায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। দুইটি ঘটনাই ঘটেছে রোববার ভোররাতে। রোববার ভোর ২টা ৪৫ মিনিটের দিকে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার পদুয়ার বাজার লেভেল ক্রসিংয়ে ট্রেন-বাস সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্র জানায়, ট্রেনটি মামুন স্পেশাল (মামুন পরিবহণ) বাসকে ধাক্কা দিয়ে প্রায় আধা কিলোমিটার টেনে-হিঁচড়ে জাঙ্গালিয়া-কচুয়া এলাকায় নিয়ে যায়। কর্তৃপক্ষ জানায়, দুর্ঘটনার সময় লেভেল ক্রসিংয়ে কোনো গেটম্যান উপস্থিত ছিলেন না। এই ঘটনার তদন্ত করে দেখার জন্য দুইটি তদন্ত কমিটি গঠন করেছে বাংলাদেশ রেল। অন্যদিকে, বান্দারবানে রোববার ভোরে জেলা শহরের সুয়ালক ইউনিয়নের বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় একটি বাস দুর্ঘটনাগ্রস্ত হয়। ঢাকা থেকে আসা পর্যটকবাহী বাসটি ভোরের দিকে মোড় ঘোরার সময় নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। ঘটনাস্থলে গিয়ে দেখা যায়, পাহাড়ের ঢাল বেয়ে খাদে উল্টে পড়ে আছে `সৌদিয়া, পরিবহণের বাসটি। বাসের সামনের অংশ দুমড়ে-মুচড়ে গেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৩.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## স্পট মার্কেট থেকে ১৮ লাখ টন ডিজেল কিনছে বিপিসি

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের যুদ্ধে প্রকট হচ্ছে জ্বালানি সংকট। এ সংকট মোকাবিলায় নির্ঘুম রাত কাটাচ্ছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)। জ্বালানি সরবরাহ চেইন স্বাভাবিক রাখার জন্য অনেকটা নাকানি-চুবানি খেতে হচ্ছে সরকারি সংস্থাটিকে। একদিকে স্টোরেজ সংকট, অন্যদিকে ক্রুড আমদানিতে অনিশ্চয়তা তৈরি হওয়ায় পরিশোধিত জ্বালানি কিনতে দৌড়ঝাঁপ শুরু হয়েছে। তেলের পাম্পগুলোও বিরামহীনভাবে তেল দিতে গিয়ে হিমশিম খাচ্ছে। পাম্প মালিকদের সংগঠনের পক্ষ থেকে এভাবে চলতে থাকলে পাম্প বন্ধ করে দেওয়ার হুঁশিয়ারি দেওয়া হয়েছে। যদিও এমন পরিস্থিতি শুধু বাংলাদেশ নয়, বিশ্বের বহু দেশে। তবে সরকার সাধ্যমতো চেষ্টা করে যাচ্ছে

সংকট মোকাবিলায়। এখন যা মজুত আছে তা দিয়ে আরও এক সপ্তাহের বেশি চলবে। দেশে চলমান জ্বালানি সংকট মোকাবিলা করতে অবশেষে স্পট মার্কেট থেকে ডিজেল কেনার প্রক্রিয়া শুরু করেছে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন বিপিসি। আমেরিকান নিবন্ধিত একটি প্রতিষ্ঠানের সঙ্গে এ নিয়ে প্রাথমিক আলোচনাও হয়েছে। বর্তমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সামঞ্জস্য রেখে এ ক্রয় প্রক্রিয়া করা হবে বলে জানিয়েছেন বিপিসি সংশ্লিষ্টরা। ইতোমধ্যে স্পট মার্কেট থেকে তিনদিনের ব্যবধানে ১৮ লাখ টন ডিজেল কেনার পদক্ষেপ নিয়েছে বিপিসি। এজন্য গুনতে হচ্ছে যুদ্ধ পরিস্থিতির আগের চেয়ে দ্বিগুণের বেশি অর্থ। সংকট কাটাতে অপেক্ষাকৃত বেশি সালফারযুক্ত কম মানের ডিজেলও সংগ্রহ করা হচ্ছে। তবে বিষয়টি স্পর্শকাতর উল্লেখ করে সংশ্লিষ্ট কেউ মুখ খুলতে রাজি হননি। ফোন রিসিভ করেননি বিপিসির চেয়ারম্যানও। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ আসাদ)

## চেয়ারম্যান-কমিশনার না থাকায় ঝিমোচ্ছে, দুদক

দুর্নীতি দমন কমিশনের দুদক চেয়ারম্যান ও দুই কমিশনার একসঙ্গে পদত্যাগ করার পর তিন সপ্তাহ ধরে কমিশনে অচলাবস্থা বিরাজ করছে। গত ৩ মার্চ তিন সদস্যের কমিশন পদত্যাগ করে। জানা গেছে, নতুন কমিশন গঠনের জন্য এখনো বাছাই কমিটি (সার্চ কমিটি) গঠন করা হয়নি। দুদক সূত্র জানায়, কমিশন না থাকায় অভিযোগ অনুসন্ধানের অনুমোদন, নতুন মামলা করা, চার্জশিট অনুমোদন, সম্পত্তি ক্রোক এবং অভিযুক্ত ব্যক্তিদের বিদেশযাত্রায় নিষেধাজ্ঞার মতো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া যাচ্ছে না। এতে দুর্নীতিবিরোধী কার্যক্রমের গতি উল্লেখযোগ্যভাবে কমে গেছে। জানতে চাইলে নাম প্রকাশে অনিচ্ছুক দুদকের একজন পরিচালক জাগো নিউজকে বলেন, দুদক পরিচালিত হয় ওয়ান ম্যান শো-এ। অর্থাৎ পুরো কমিশন অনুমোদন না দিলে অনুসন্ধান, মামলা অনুমোদন করা সম্ভব হয় না। পুরো কমিশন নতুন নেতৃত্বের অপেক্ষায় আছে। এ বিষয়ে দুদকের মহাপরিচালক আক্তার হোসেন বলেন, কমিশন ছাড়া দুদক আইনে নির্ধারিত অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া সম্ভব নয়। ফলে কার্যক্রমে এক ধরনের অচলাবস্থা সৃষ্টি হয়েছে। কমিশন থাকার সময় যে-সব অনুসন্ধান ও তদন্ত অনুমোদিত হয়েছিল, সেগুলো সীমিত পরিসরে চলমান রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ আসাদ)

## কমছে পোশাক রপ্তানি, ঝুঁকিতে কর্মসংস্থান

বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি সাত মাস ধরে নেতিবাচক ধারায়। এ শিল্পের মালিকরা বিদ্যমান কর্মসংস্থান ধরে রাখা নিয়ে উদ্‌বিগ্ন। দুই বছর ধরে বিনিয়োগ অনেকটা স্থবির থাকায় নতুন কর্মসংস্থানও প্রায় বন্ধ। রপ্তানি উন্নয়ন ব্যুরো ইপিবির তথ্য বলছে, ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসে রপ্তানি আয় কমেছে ১২ দশমিক ০৩ শতাংশ। চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) রপ্তানি আয় সামগ্রিক কমেছে ৩ দশমিক ১৩ শতাংশ। এজন্য মূল্যস্ফীতি ও বৈশ্বিক চাহিদা কমাকে দায়ী করছেন রপ্তানিকারকরা। বর্তমানে রপ্তানি আয় ৩১ দশমিক ৯০ বিলিয়ন ডলার, যা এক বছর আগে একই সময়ে ছিল ৩২ দশমিক ৯৪ বিলিয়ন ডলার। রপ্তানি আয়ের প্রাণশক্তি তৈরি পোশাক খাতের আয় ১৩ দশমিক ২১ শতাংশ কমে ২ দশমিক ৮১ বিলিয়ন ডলারে দাঁড়িয়েছে, যা গত বছরের একই সময়ে ছিল ৩ দশমিক ২৪ বিলিয়ন ডলার। বিশেষজ্ঞ ও রপ্তানিকারকরা আশঙ্কা প্রকাশ করছেন, যদি রপ্তানি আয়ের পতন অব্যাহত থাকে এবং এ অর্থবছর নেতিবাচক ধারায় শেষ হয়, তাহলে ভবিষ্যতে চাকরি হারানোর ঝুঁকিতে পড়তে পারেন কারখানার শ্রমিকেরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ আসাদ)

## আমরা কাজের মাধ্যমে বেহেশতে যাব : এলজিআরডি মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আমরা কাজের মাধ্যমে, ইবাদতের মাধ্যমে, হালাল উপার্জনের মাধ্যমে একইসঙ্গে সৎ থেকে বেহেশতে যাব। আমরা অন্যদের মতো ধর্মকে বিক্রি করে বেহেশতের টিকিট বিক্রি করি না। সোমবার বেলা ১১টায় ঠাকুরগাঁও সদর উপজেলার রায়পুর ইউনিয়নের নেহা নদী খনন কাজের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা ও সরকারের প্রশাসনের কর্মকর্তাদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, খাল খনন কাজ যেন সুন্দরভাবে হয়। মানুষ খুশি হয়। কেউ যেন কোনো অভিযোগ না করতে পারে, সেদিকে সজাগ দৃষ্টি রাখবেন। মানুষ যেন বলতে না পারে, শুধু খাল খনন কাজের উদ্‌বোধন হয়েছে, পরবর্তীতে আর কোনো কাজ হয়নি, এমনটা যেন না হয়। তিনি আরও বলেন, আমরা এরই মধ্যে যে নির্বাচনি ইশতেহার ঘোষণা করেছিলাম, সেগুলো বাস্তবায়নের উদ্দেশ্যে কাজ শুরু করেছি। ফ্যামিলি কার্ড, খাল খনন একইসঙ্গে কৃষিকার্ডও দেওয়া হবে। কারণ কৃষকের উন্নয়ন হলেই বাংলাদেশের উন্নয়ন হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ আসাদ)

## ৩১ মার্চের পরেও দেওয়া যাবে আয়কর রিটার্ন

আগামী ৩১ মার্চ ব্যক্তি শ্রেণির করদাতাদের আয়কর রিটার্ন জমা দেওয়ার সময় শেষ হচ্ছে। এবার তিন দফা সময় বাড়ানো হয়েছে। এরপর রিটার্ন জমার সময় আর না-ও বাড়ানো হতে পারে। জাতীয় রাজস্ব বোর্ডের জনসংযোগ দপ্তর জানায়, এখন পর্যন্ত ৪১ লাখ করদাতা আয়কর রিটার্ন জমা দিয়েছেন। অন্যদিকে, এনবিআরের ই-রিটার্ন সিস্টেমে প্রায়

৫০ লাখ করদাতা নিবন্ধন নিয়েছেন। বর্তমানে এক কোটি ২০ লাখের মতো কর শনাক্তকরণ নম্বরধারী আছেন। **৩১** মার্চ পর্যন্ত ব্যক্তি শ্রেণির করদাতারা তাদের সারা বছরের আয়-ব্যয়ের খরচ জানিয়ে আয়কর রিটার্ন দিতে পারবেন। চলতি বছরে কিছু ব্যতিক্রম ছাড়া সব করদাতার অনলাইনে আয়কর রিটার্ন জমা দেওয়া বাধ্যতামূলক। কোনো কারণে **৩১** মার্চের মধ্যে রিটার্ন জমা দিতে পারলেন না, দুশ্চিন্তা করবেন না, সময় বাড়ানোর সুযোগ আছে। সময় বাড়ানোর জন্য এবার অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের পরিপ্রেক্ষিতে সময় বাড়ানোর সুযোগ তৈরি করেছে এনবিআর। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ আসাদ)

## সামনে তেলের দাম বাড়তে পারে : মির্জা ফখরুল

দেশের সামনে কঠিন সময় অপেক্ষা করছে মন্তব্য করে এলজিআরডি মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, বৈশ্বিক পরিস্থিতির প্রভাব পড়ছে দেশের অর্থনীতিতে। ফলে সামনে তেলের দামসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য আরও বাড়তে পারে। সোমবার সকালে ঠাকুরগাঁও সদর উপজেলার রায়পুর ইউনিয়নের নেহা নদী পুনঃখনন কর্মসূচির উদ্‌বোধন শেষে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, আমাদের সামনে খুব ভালো সময় নেই, বরং কঠিন সময়। ইরান, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলে চলমান যুদ্ধ আমাদের অর্থনীতি ক্ষতিগ্রস্ত করছে। তেলের সরবরাহ কমে যাওয়ার আশঙ্কা রয়েছে, ফলে দাম বাড়বে- এটা আমাদের মেনে নিয়ে এগিয়ে যেতে হবে। তিনি ধর্মীয় বিষয়কে রাজনৈতিকভাবে ব্যবহার না করার আহ্বান জানিয়ে বলেন, দেশের অধিকাংশ মানুষ ধর্মপ্রাণ। কিন্তু ধর্মকে ব্যবহার করে বিভ্রান্তি ছড়ানো ঠিক নয়। আমরা কাজের মাধ্যমে মানুষের কল্যাণ করতে চাই, সেটাই আমাদের মূল লক্ষ্য।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ আসাদ)

## পাবনায় বিএনপির দুই পক্ষের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে গৃহবধূ নিহত

পাবনার সুজানগরে আধিপত্য বিস্তার নিয়ে বিএনপির দুই পক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসময় গুলিবিদ্ধ হয়ে এক গৃহবধূ নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত **১০** জন। সোমবার সকাল ৮টার দিকে উপজেলার মানিকহাট ইউনিয়নের ভিটবিলা পশ্চিমপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত গৃহবধূর নাম চায়না খাতুন। তিনি ওই গ্রামের শুকুর আলীর স্ত্রী। সুজানগর সার্কেলের সহকারী পুলিশ সুপার সাদিক আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, এলাকার আধিপত্য বিস্তার নিয়ে হাটখালী ইউনিয়ন ছাত্রদলের সাবেক সভাপতি রাফিউল ইসলাম রাজা গ্রুপের সঙ্গে মানিকহাট ইউনিয়নের ভিটবিলা গ্রামের বিএনপির সমর্থক ইসলাম প্রামাণিক গ্রুপের বিরোধ চলছিল। রোববার দিনগত রাতে দুই পক্ষের মারামারি হয়। এ নিয়ে গতরাত থেকেই দুই গ্রুপের মধ্যে উত্তেজনা চলছিল। সোমবার সকালে ইসলাম প্রামাণিক গ্রুপের লোকজন লাঠিসোঁটা নিয়ে এলাকায় জড়ো হচ্ছিলেন। এ সময় রাজা গ্রুপের লোকজন লাঠিসোঁটা নিয়ে তাদের ওপরে হামলা চালান। এসময় গুলিবর্ষণ ও বাড়ি ভাঙচুরের ঘটনা ঘটে। এ ঘটনায় গুলিবিদ্ধ হয়ে গৃহবধূ চায়না খাতুন ঘটনাস্থলেই মারা যান। গুরুতর আহত **১০** জনকে উদ্ধার করে সুজানগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ আসাদ)

## ইরানে বিদ্যুৎকেন্দ্রে হামলা স্থগিতের ঘোষণা ট্রাম্পের, কমলো তেলের দাম

ইরানের বিদ্যুৎকেন্দ্র ও জ্বালানি অবকাঠামোতে সামরিক হামলা স্থগিত করার বিষয়ে ট্রাম্পের ঘোষণার পর আন্তর্জাতিক বাজারে তেলের দাম **১৩** শতাংশেরও বেশি কমেছে। সোমবার (২৩ মার্চ) আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত জ্বালানি তেলের দাম ব্যারেলপ্রতি প্রায় **১৭** ডলার বা **১৫** শতাংশ কমে ৯৬ ডলারে নেমেছে। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) তেলের দাম ব্যারেলপ্রতি **১৩** ডলার বা **১৩** দশমিক **৫** শতাংশ কমে ৮৫ দশমিক ২৮ ডলারে নেমে এসেছে। বিশ্বের মোট জ্বালানি তেল ও এলএনজি সরবরাহের প্রায় এক-পঞ্চমাংশ হরমুজ প্রণালি দিয়ে পরিবাহিত হয়। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা চালানোর পর থেকে প্রণালিটি তারা প্রায় বন্ধ করে দিয়েছে। ফলে যুদ্ধ শুরুর পর বিশ্ববাজারে তেলের দাম ব্যারেলে **১০০** ডলার ছাড়িয়েছে। কখনও কখনও তা যুদ্ধের আগের তুলনায় **৫০** শতাংশের বেশি বেড়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## বাইকারদের বেপরোয়া ঈদ উদ্‌যাপন, হাত-পা ভেঙেছে ১৭৭ তরুণের

জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানের (নিটোর) জরুরি বিভাগে কাতরাচ্ছেন তানজিদুল ইসলাম রাহিম। তিনি ফেনী সদর থেকে এসেছেন। রোববার রাত সাড়ে **১২**টায় মোটরসাইকেল দুর্ঘটনায় তার পা ভেঙে জখম হয়েছে। বাম পায়ের হাড় ভাঙাসহ মাংস উঠে গর্ত হয়ে গেছে। জরুরি বিভাগের স্ট্রেচারে রক্ত গড়িয়ে যাচ্ছে। রাহিমের মতো ঈদের ছুটিতে বেড়েছে দুর্ঘটনা, যাদের বেশিরভাগই মোটরসাইকেল দুর্ঘটনার শিকার। রাজধানীর নিটোরে ঈদের ছুটির কয়েক দিনে ভর্তি হয়েছেন **১৭৭** জন রোগী। সোমবার (২৩ মার্চ) নিটোর তথা পঙ্গু হাসপাতাল সরেজমিনে ঘুরে এমন চিত্র দেখা গেছে। হাসপাতালে হু হু করে বাড়ছে মোটরসাইকেল দুর্ঘটনায় আহত রোগীর সংখ্যা। ফলে স্বল্প জনবল দিয়ে চিকিৎসা দিতে গিয়ে হিমশিম খাচ্ছেন সংশ্লিষ্টরা। শুধু তরুণ নয়, মোটরসাইকেল যাত্রী হিসেবে থাকা

অনেক তরুণীও আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। মূলত ঈদ উপলক্ষ্যে বেপরোয়া মোটরসাইকেল চালানোর কারণেই দুর্ঘটনা বেড়েছে বলে নিটোর সূত্রে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## রাজশাহীর পাম্পগুলোতে বিক্রি বন্ধ, বিশৃঙ্খলা এড়াতে সেনা মোতায়েনের দাবি

চলমান বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতির প্রভাবে রাজশাহীতে তীব্র জ্বালানি সংকট দেখা দিয়েছে। নগরীর বেশিরভাগ পেট্রোল পাম্পে জ্বালানি তেল বিক্রি বন্ধ হয়ে গেছে। সোমবার (২৩ মার্চ) সকাল থেকে সব পেট্রোল পাম্প বন্ধ করে দেওয়া হয়েছে। এতে চরম ভোগান্তিতে পড়েছেন সাধারণ মানুষ ও পরিবহণ সংশ্লিষ্টরা। তবে বিশৃঙ্খলা এড়াতে পেট্রোল পাম্পগুলোতে সেনাবাহিনী মোতায়েনের দাবি পাম্প মালিক সমিতির। রাজশাহী জেলা পেট্রোল পাম্প মালিক সমিতির সাধারণ সম্পাদক আনিসুর রহমান শিমুল বলেন, পাম্পগুলোতে যা মজুত ছিল গতকাল (রোববার) শেষ হয়ে গেছে। ফলে আজ (সোমবার) থেকে কোনো পাম্পেই আর পেট্রোল ও অকটেন নেই। বিশেষ করে, মোটরসাইকেল চালকরা এসে পাম্পগুলোতে ভিড় জমাচ্ছেন। অনেক পাম্পেই নোটিশ দিয়ে দড়ি টানিয়ে দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## ৪ ঘণ্টা লাইনে দাঁড়িয়েও তেল পেলেন না নাসীরুদ্দীন পাটওয়ারী

৪ ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও তেল পেলাম না। সোমবার (২৩ মার্চ) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে এক পোস্টে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী এ কথা বলেন। ফেসবুক পোস্টে নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, `৪ ঘণ্টা লাইনে দাঁড়িয়ে থেকেও তেল পেলাম না।, এদিকে রোববার (২২ মার্চ) রাতে এক বার্তায় বাংলাদেশ পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশন জানায়, জ্বালানি তেলের সংকটের কারণে যে-কোনো সময় সারাদেশের পেট্রোল পাম্প বন্ধ হয়ে যেতে পারে। মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি ঘিরে বৈশ্বিক জ্বালানি সরবরাহ নিয়ে উদ্বেগ তৈরি হওয়ার পর দেশে জ্বালানি তেলের ঘাটতি নিয়ে আতঙ্ক দেখা দেয়। অনেক ক্রেতা প্রয়োজনের চেয়ে বেশি জ্বালানি কিনতে শুরু করলে সরবরাহ স্বাভাবিক রাখতে গত ৬ মার্চ থেকে পেট্রোল, অকটেন ও ডিজেল বিক্রিতে সীমা বেধে দেয় সরকার। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## কিশোরগঞ্জে আওয়ামী লীগ-বিএনপির সংঘর্ষ, আহত ৩০

কিশোরগঞ্জের মিঠামইনে আওয়ামী লীগ ও বিএনপির দুই গ্রুপের সংঘর্ষে অন্তত ৩০ জন আহত হয়েছেন। সোমবার (২৩ মার্চ) সকালে উপজেলার কেওয়ারজোড় ইউনিয়নের হেমন্তগঞ্জ এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, পূর্ব শত্রুতার জেরে ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা কাশেম গ্রুপ এবং একই এলাকার বিএনপি নেতা নজির গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে উত্তেজনা চলছিল। এর জেরে সকালে লাউ কুড়ার মাঠে উভয়পক্ষের মধ্যে ঘণ্টাব্যাপী সংঘর্ষ হয়। এতে উভয়পক্ষের অন্তত ৩০ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে বিএনপি নেতা নজির গ্রুপের ২১ জন। গুরুতর আহত আসাদ (৩৫) ও কাতল মিয়াকে (৩০) আশঙ্কাজনক অবস্থায় ঢাকায় পাঠানো হয়েছে। এছাড়া, আরও পাঁচজনকে কিশোরগঞ্জের শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। অন্য আহতদের মিঠামইন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে। কাশেম চেয়ারম্যানের বিরুদ্ধে ৫ আগস্টের পর অন্তত তিনটি মামলা হয়েছে। তিনি মাঝে মধ্যে ইতালিতে অবস্থান করেন এবং সেখানে তার নাগরিকত্বও রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## বিদেশে পলাতক সাজাপ্রাপ্তদের ফিরিয়ে আনতে সচেষ্ট সরকার

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বলেছেন, বিগত ১৭ বছরে মানবাধিকার লঙ্ঘন, গুম-খুনসহ বিভিন্ন অপরাধে যারা বিচারের মুখোমুখি হয়েছেন এবং যাদের সাজা হয়েছে, তাদের দেশে ফিরিয়ে এনে সাজা কার্যকরের জন্য বিএনপি সরকার সর্বদা সচেষ্ট আছে। সোমবার (সোমবার, ২৩ মার্চ) দুপুরে ফরিদপুরের নগরকান্দা উপজেলার তালমা নাজিমউদ্দিন উচ্চ বিদ্যালয়ের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য শেষে সাংবাদিকদের তিনি এসব কথা জানান। মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে প্রবাসী বাংলাদেশিদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করে প্রতিমন্ত্রী বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর টপ প্রায়োরিটি হচ্ছে প্রবাসীদের নিরাপত্তা। যুদ্ধ শুরুর পর থেকেই আমাদের মিশনগুলো সেখানে অবস্থানরত নাগরিকদের সাথে নিবিড় যোগাযোগ রাখছে। যারা জীবনের ঝুঁকিতে রয়েছেন, তাদের সরকারি খরচে চার্টার্ড ফ্লাইটে দেশে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হচ্ছে। তিনি আরও জানান, ঈদের আগের দিন রাতে ১৮৬ জন প্রবাসীকে সফলভাবে দেশে ফেরত আনা হয়েছে। এই প্রক্রিয়ায় প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, সিভিল অ্যাভিয়েশন এবং আইএলও সমন্বিতভাবে কাজ করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## গুলশানের সড়কে পড়ে ছিল অজ্ঞাত পরিচয় নারীর নিথর দেহ

রাজধানীর গুলশানের শাহজাদপুর সড়ক থেকে অজ্ঞাত পরিচয় এক নারীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। সোমবার (২৩ মার্চ) ভোরে রক্তাক্ত অবস্থায় ওই নারীর মরদেহ উদ্ধার করা হয়। গুলশান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুর রহমান বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, ওই নারীর বয়স আনুমানিক ৫০ বছর। তার পরনে ছিল সাদা-

সবুজ ছাপা শাড়ি এবং লাল রঙের ব্লাউজ। ওসি হাফিজুর আরও বলেন, ভোরে খবর পেয়ে প্রগতি সরণির সুবাস্তু নগর ভ্যালি মার্কেটের বিপরীত পাশের সড়কের ওপর থেকে ওই নারীর মরদেহ উদ্ধার করা হয়। নাম-পরিচয় জানতে পিবিআই ও সিআইডি তার ফিঙ্গার প্রিন্ট সংগ্রহ করে। কিন্তু এখনো পরিচয় শনাক্ত করা যায়নি। ভোরে কোনো গাড়ির ধাক্কায় তিনি মারা গেছেন বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। বিষয়টি নিশ্চিত হতে দুর্ঘটনাকবলিত স্থানের সিসিটিভি ক্যামেরার ফুটেজ সংগ্রহ করা হচ্ছে জানিয়ে ওসি বলেন, মরদেহ ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## বাংলাদেশিদের জন্য অভিবাসী ভিসা স্থগিত, কারণ জানালো মার্কিন দূতাবাস

যুক্তরাষ্ট্রের সরকারি কল্যাণ সুবিধা ব্যবহারের হার বেশির কারণে বাংলাদেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা দেওয়ার কার্যক্রম স্থগিত করেছে দেশটি। সোমবার (২৩ মার্চ) ঢাকার মার্কিন দূতাবাস এক বার্তায় এ তথ্য জানিয়েছে। বার্তায় জানানো হয়, যুক্তরাষ্ট্রের করদাতাদের প্রতি আমাদের দায়িত্ব হলো অভিবাসীরা যাতে অবৈধভাবে সরকারি কল্যাণমূলক সুবিধা গ্রহণ না করেন বা যুক্তরাষ্ট্রের ওপর সরকারি সহায়তার বোঝা হয়ে না দাঁড়ান, তা নিশ্চিত করা। যে-সব দেশের নাগরিকদের মধ্যে যুক্তরাষ্ট্রের সরকারি কল্যাণ সুবিধা ব্যবহারের হার বেশি, সেই প্রেক্ষাপটে বাংলাদেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা দেওয়া স্থগিত করেছে ডিপার্টমেন্ট। এই স্থগিতাদেশের ফলে আমাদের যাচাই ও বাছাই নীতিমালা ও প্রক্রিয়াগুলোর পূর্ণাঙ্গ পর্যালোচনা করার সময় মিলবে, যাতে সেগুলো আমেরিকানদের স্বার্থকে অগ্রাধিকার দেয়। এই স্থগিতাদেশ অনভিবাসী ভিসার ক্ষেত্রে প্রযোজ্য নয়, যার মধ্যে পর্যটক বা শিক্ষার্থীদের ভিসাও অন্তর্ভুক্ত। গত ২১ জানুয়ারি বাংলাদেশসহ ৭৫টি দেশের নাগরিকদের জন্য অভিবাসী ভিসা (ইমিগ্র্যান্ট ভিসা) দেওয়া স্থগিত করেছিল যুক্তরাষ্ট্র। কী কারণে এমন পদক্ষেপ নেওয়া হয়েছিল, তার ব্যাখ্যা দিয়েছে দূতাবাস।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## ফুটপাত-সড়ক থেকে অবৈধ স্থাপনা সরাতে ডিএমপির আলটিমেটাম

ঢাকা মহানগরীর ফুটপাত ও রাস্তা দখল করে অবৈধভাবে পরিচালিত দোকান, শোরুম, রেস্তোরাঁ ও ওয়ার্কশপের বর্ধিতাংশ অনতিবিলম্বে অপসারণের নির্দেশ দিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। আইন অমান্যকারীদের বিরুদ্ধে আগামী ১ এপ্রিল থেকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে কারাদণ্ড ও অর্থদণ্ডসহ কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছে ডিএমপি। সোমবার (২৩ মার্চ) ডিএমপি সদরদপ্তর থেকে জারি করা এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, মহানগরীর বিভিন্ন এলাকায় সড়কের পাশে রেস্তোরাঁ, যানবাহন মেরামতের ওয়ার্কশপ, ওয়েল্ডিং শপ, পোশাক ও আসবাবপত্রের দোকানসহ বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের কার্যক্রম অবৈধভাবে ফুটপাত ও রাস্তায় সম্প্রসারণ করা হচ্ছে। অনেক ক্ষেত্রে রেস্তোরাঁর রান্নার বার্নার, হাঁড়ি-পাতিল, গ্রিল বা কাবাব তৈরির মেশিন, ওয়ার্কশপের টায়ার ও যন্ত্রপাতি এবং শোরুমের আসবাবপত্র ফুটপাতে রেখে জনচলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হচ্ছে। এমনকি রাস্তার ওপর গাড়ি রেখে মেরামতের ফলে যানজটের সৃষ্টি হচ্ছে এবং পথচারীদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। ডিএমপি জানায়, ফুটপাত ও রাস্তা দখল করে রাখা এসব মালামাল ও সরঞ্জামাদি জনস্বার্থে অনতিবিলম্বে সরিয়ে নিতে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের অনুরোধ করা হয়েছে। অন্যথায়, আগামী ১ এপ্রিল থেকে ডিএমপির স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটদের নেতৃত্বে সামারি ট্রায়াল বা মোবাইল কোর্ট (ভ্রাম্যমাণ আদালত) পরিচালনা করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## জাতীয় নির্বাচন ও গণভোটের সামগ্রিক প্রতিবেদন তৈরি করবে ইসি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের সামগ্রিক বিষয়ে প্রতিবেদন তৈরির একটি রূপরেখা প্রস্তুত করার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী ১৫ এপ্রিলের মধ্যে সেই রূপরেখা উপস্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। সোমবার (২৩ মার্চ) ইসির নির্বাচন পরিচালনা শাখা বিষয়টি নিশ্চিত করেছে। নির্বাচন পরিচালনা শাখার একজন কর্মকর্তা জাগো নিউজকে বলেন, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের সামগ্রিক বিষয়ে একটি প্রতিবেদন আমাদের প্রস্তুত করতে হবে। প্রতিবেদনটি কীভাবে তৈরি করা হবে, তার একটি রূপরেখা আগামী ১৫ এপ্রিলের মধ্যে জমা দিতে হবে। এরপর পরবর্তী সিদ্ধান্ত অনুযায়ী আমরা প্রতিবেদন তৈরির যাবতীয় কার্যক্রম গ্রহণ করবো। দেশের ৩০০টি সংসদীয় আসনের মধ্যে ২৯৯টি আসনের ৪২ হাজার ৬৫১টি কেন্দ্রে গত ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় নির্বাচনের ভোটগ্রহণ হয়েছে, যার মধ্যে ২৯৭টি আসনের আনুষ্ঠানিক ফলাফল ঘোষণা করেছে ইসি। বিজয়ী প্রার্থীদের বিরুদ্ধে আদালতে মামলা চলমান থাকায় দুটি আসনের ফলাফল ঘোষণা স্থগিত রাখার সিদ্ধান্ত নেয় কমিশন। আসন দুটি হলো- চট্টগ্রাম-২ (ফটিকছড়ি) ও চট্টগ্রাম-৪ (সীতাকুণ্ড ও সিটির দুই ওয়ার্ড)। মামলা নিষ্পত্তি হলে এসব আসনের ফল ঘোষণা করা হবে। অন্যদিকে, ভোটের আগে প্রার্থীর মৃত্যুর কারণে শেরপুর-৩ আসনের ভোটগ্রহণ বাতিল করা হয়। ওই আসনের ১২৮টি কেন্দ্রে আগামী ৯ এপ্রিল ভোটগ্রহণ হবে। একইদিনে বর্তমান প্রধানমন্ত্রীর ছেড়ে দেওয়া বগুড়া-৬ আসনেও ভোটগ্রহণ হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## হাবিবুল বাশারকে প্রধান করে নতুন নির্বাচক প্যানেল ঘোষণা করলো বিসিবি

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের জন্য নতুন নির্বাচক প্যানেল ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। হাবিবুল বাশার সুমন প্রধান নির্বাচক হিসেবে দায়িত্ব নিয়েছেন। আগে থেকে ছিলেন হাসিবুল হাসান শান্ত, আর নতুন করে নির্বাচক হিসেবে প্যানেলে যুক্ত হয়েছেন নাঈম ইসলাম ও নাদিফ চৌধুরী। গাজী আশরাফ হোসেন লিপুর স্থলাভিষিক্ত হলেন বাশার। ২০২৭ সালের ওয়ানডে বিশ্বকাপ পর্যন্ত এই প্যানেলের মেয়াদ ঠিক করা হয়েছে। আজ সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব জানিয়েছে বিসিবি। ৫৩ বছর বয়সি বাশারের এই পদে কাজের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। তিনি এর আগে বাংলাদেশ পুরুষ ও নারী উভয় দলের জাতীয় নির্বাচক হিসেবে দায়িত্ব পালন করেছেন। ২০১৬ থেকে ২০২৪ সালের ফেব্রুয়ারি পর্যন্ত ৮ বছর বাংলাদেশ পুরুষ জাতীয় ক্রিকেট দলের নির্বাচকের দায়িত্ব পালন করেন। এর আগে, তিনি নারী ক্রিকেট দলের নির্বাচক ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## স্বাধীনতা দিবস উপলক্ষ্যে জামায়াতে ইসলামীর কর্মসূচি ঘোষণা

আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে বাংলাদেশ জামায়াতে ইসলামী দুই দিনব্যাপী কর্মসূচি ঘোষণা করেছে। সোমবার (২৩ মার্চ) বাংলাদেশ জামায়াতে ইসলামীর ভেরিফায়েড ফেসবুক পেজে এ তথ্য জানানো হয়। কর্মসূচির প্রথম দিন ২৫ মার্চ বিকেল ৩টায় জাতীয় প্রেস ক্লাবে আলোচনা সভা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান এমপি। এছাড়াও, কেন্দ্রীয় এবং মহানগরী জামায়াতের নেতারা বক্তব্য রাখবেন। দ্বিতীয় দিন ২৬ মার্চ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন ও সংগঠনের সর্ব পর্যায়ে আলোচনা সভা, দোয়া অনুষ্ঠান পালন করা হবে। সকালে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান রাষ্ট্রীয় অনুষ্ঠানের অংশ হিসেবে সাভার জাতীয় স্মৃতিসৌধে যাবেন এবং শ্রদ্ধা নিবেদন ও দোয়া করবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

## ডক্টরস কেয়ার হাসপাতাল সিলগালা করার নির্দেশ স্বাস্থ্যমন্ত্রীর

রাজধানীর শ্যামলীতে কলেজ গেট এলাকায় অবস্থিত ডক্টরস কেয়ার হাসপাতাল অ্যান্ড ডায়াগনস্টিকে ভুয়া চিকিৎসক দিয়ে অস্ত্রোপচারের অভিযোগে, প্রতিষ্ঠানটি সিলগালার নির্দেশ নিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। সোমবার (২৩ মার্চ) বিকেলে হঠাৎ পরিদর্শনে গিয়ে নানা অনিয়মের প্রমাণ পাওয়ার পর তাৎক্ষণিকভাবে এ সিদ্ধান্ত নেন স্বাস্থ্যমন্ত্রী। এসময় হাসপাতালে ভর্তি রোগীদের নিরাপত্তার কথা বিবেচনা করে দ্রুত অন্য হাসপাতালে স্থানান্তরের ব্যবস্থা করা হয়। পরিদর্শনকালে স্বাস্থ্যমন্ত্রী হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন এবং ভর্তি রোগী ও তাদের স্বজনদের সঙ্গে কথা বলেন। এ সময় কয়েকজন ভুক্তভোগী মন্ত্রীর উপস্থিতির খবর পেয়ে হাসপাতালে এসে উপস্থিত হন। তারা অভিযোগ করেন, চিকিৎসার নামে প্রতারণার শিকার হয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৩.০৩.২০২৬ রিহাব)

# BBC

## GULF COUNTRIES CAUGHT BETWEEN TRUMP'S DEADLINE AND IRAN'S THREATS

The UAE's foreign minister has said "we will never be blackmailed by terrorists". There is pure anger in the Gulf about how this war has unfolded, but not all leaders agree on the way forward following Donald Trump's ultimatum, and threats exchanged between the US and Iran. After the extensive damage at Qatar's Ras Laffan field and the targeting of other facilities across the region, leader's aren't taking Iran's threats lightly. Here in the UAE, the country's ties to the US may have made it a target, but officials say Iran has misjudged their reaction, and far from urging Donald Trump to end the war, they now view Iran as a priority threat in their region. Presidential advisor Anwar Gargash has said Iran's "misguided calculations" have pushed the UAE to seek closer security ties with Washington.
(BBC News Web Page: 23/03/26, FARUK)

## 'NO ASSESSMENT' TO SUGGEST UK IS BEING TARGETED BY IRAN: STARMER

Speaking to broadcasters a few moments ago, Starmer said there is "no assessment" that the UK is being targeted by Iran. It comes after the Israel Defense Forces (IDF) said on Saturday that Iran now has "missiles that can reach London, Paris or Berlin". An Iranian missile would need to travel about 2,700 miles to reach London. The claim, shared on X, came after reports that Iran had unsuccessfully fired ballistic missiles at the Diego Garcia US-UK military base, which is about 2,350 miles from Iran's southern coast. Asked whether the UK was within range of Iranian missiles, following the attempted Diego Garcia attack, Starmer says the government carries out assessments "all the time in order to keep us safe, and there's no assessment that we're being targeted in that way at all".
(BBC News Web Page: 23/03/26, FARUK)

**IRAN DEFENCE COUNCIL ISSUES STRAIT OF HORMUZ ORDER FOR 'NON-HOSTILE COUNTRIES'**

Iran's high level security body Defence Council has said in a statement that the "only way for non-hostile countries" to pass through Strait of Hormuz is "coordination with Iran". The Council has also said in the statement published by Iranian outlets that "any attempt by the enemy to attack Iranian coasts or islands" will lead to "all access routes" in the Gulf and coastal areas getting "mined with various types of naval mines, including drifting mines deployable from the shore". In the case of such an attack, in "addition to the Strait of Hormuz, the whole Gulf would in practice be blocked, with"responsibility belonging to the aggressor", the statement adds. (BBC News Web Page: 23/03/26, FARUK)

**OIL AND STOCK MARKETS IMPACTED BY ENERGY STRIKES THREAT**

Oil prices have risen and stock markets in Asia have fallen heavily on Monday as traders assess threats by the US and Iran to escalate hostilities. The price of Brent crude oil climbed more than 1% on Monday to above $113.40 a barrel. Japan's Nikkei share index closed down 3.5% while South Korea's Kospi index fell by 6.5%. Donald Trump warned on Saturday he would "obliterate" Iranian power plants if the key Strait of Hormuz shipping route was not reopened, while Iran said it would respond to any such strikes by targeting key infrastructure in the region. Simon Flowers, chairman and chief analyst at energy consultancy Wood Mackenzie, said the markets were waiting to see if the threats were "carried through". (BBC News Web Page: 23/03/26, FARUK)

**IRAN FIRES MISSILES TOWARDS ISRAEL: IDF SAYS**

The IDF says in its latest update that Iran has fired missiles towards Israel. Air defence systems are intercepting the strikes, the IDF says. Another wave of Iranian strikes, including cluster munitions, was shot down over Tel Aviv overnight.
(BBC News Web Page: 23/03/26, FARUK)

**COST OF LIVING PRESSURES IN THE PHILIPPINES**

Rising oil prices are being felt across daily life in the Philippines, where weeks of increases are pushing up the cost of transport and food. In Manila, an estimated nine million people rely on jeepneys every day - colourful, open-air buses that run on diesel. Higher fuel costs are also pushing up transportation expenses across the supply chain, making it more expensive to move goods from farms to markets. That is feeding into a rise in the price of staples like rice, as well as fresh produce and packaged food. The Philippines imports 98% of its oil from the Persian Gulf. In a country so dependent on imported energy, a sustained rise in global oil prices is pushing up the cost of living for millions.
(BBC News Web Page: 23/03/26, FARUK)

**TUC CALLS FOR EMERGENCY TASKFORCE TO COMBAT ENERGY COST RISKS**

In the UK, the Trades Union Congress (TUC) says it is concerned about the impact of rising energy costs on household incomes and jobs, and is calling for an emergency taskforce to be set up. "What we have learned from previous difficult situations like Covid is that it is important to start planning early," says the union's Assistant General Secretary Kate Bell. Jobs in energy-intensive sectors like steel and manufacturing could be "most at risk", she tells BBC Breakfast. But all union members will be impacted if household bills rise, she adds.
(BBC News Web Page: 23/03/26, FARUK)

**ISRAEL TO EXPAND GROUND & AIR ATTACKS AGAINST HEZBOLLAH IN LEBANON**

The Israeli military says plans for the expansion of ground and air attacks against the Lebanese armed group Hezbollah have been approved, amid fears in Lebanon that Israel is preparing a large-scale ground invasion of the country. Israel has intensified its campaign against Hezbollah, an Iranian-backed militia and political party, after the group fired rockets into Israel earlier this month amid the war between the US and Israel against Iran. Since then, more than 1,000 people have been killed in Lebanon, according to the Lebanese health ministry, including at least 118 children and 40 health workers. More than a million people have been displaced, which could lead to a major humanitarian crisis.
(BBC News Web Page: 23/03/26, FARUK)

## :: THE END ::